

এসএসসি পরীক্ষা কেন্দ্রে পাহারা দেবে ১৪ দল

যুগান্তর রিপোর্ট

শিক্ষার্থীদের পরীক্ষা নির্বিঘ্ন করতে এসএসসি পরীক্ষার কেন্দ্রে পাহারা দেয়ার ঘোষণা দিয়েছে ফরাসী ১৪ দল। একইসঙ্গে বিএনপি-জামায়াত জোটের সহিংসতা নিয়ন্ত্রণে আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে সর্বোচ্চ কঠোর হওয়ার আহ্বান জানিয়েছেন জোটের নেতারা। বৃহস্পতিবার বিকালে রাজধানীর মোহাম্মদপুরে পশ্চিমী মসজিদের সামনে অনুষ্ঠিত এক শান্তি সমাবেশ ও র্যালিপূর্ব সমাবেশে এ ঘোষণা দেন আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও জোটের মুখপাত্র স্বাহ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। ফরাসী ১৪ দলের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে ঢাকা মহানগর ১৪ দলের উদ্যোগে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ শেষে একটি র্যালি বের করা হয়। মোহাম্মদ নাসিম বলেন, পরীক্ষার সময় ছেলেমেয়েরা যাতে নির্বিঘ্নে কেন্দ্রে যেতে পারে, পরীক্ষা দিতে পারে সেজন্য ফুলগুলা পাহারা দেয়া হবে। আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশ দিয়ে স্বাহ্যমন্ত্রী বলেন, কঠোর হবেন, প্রয়োজনে যে কোনো ব্যবস্থা নেবেন। সহিংসতায় নিহতদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া ও গায়েরানা জানাজায় শরিক হতে নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান জোটের মুখপাত্র নাসিম।

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে 'ককটেল জিয়া এবং আওন জিয়া' আখ্যায়িত করে বক্তব্য রাখেন জামদ সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। মোহাম্মদপুর থানা আওয়ামী লীগের সভাপতি সাদেক খানের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য দেন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক ফজলে হোসেন বাদশা, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ চৌধুরী, গণতন্ত্রী পার্টির নূরুর রহমান মৌলিন, ডা. শহিদুল্লাহ শিকদার প্রমুখ।